

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/১২-মুসক/২০১৭।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, আইনের প্রথম তফসিলের প্রথম খন্ডের দফা ১৬ এর ক্রমিক নং ১১ এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নরূপ বিধি প্রণয়ন করিল, যথা:-

২। Customs Act, 1969 (IV) of 1969 এর First Schedule এর কলাম (1) এর শিরোনাম সংখ্যা (Heading No.) 84.15 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (3) এ বর্ণিত এয়ারকন্ডিশনার, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, এর সরবরাহ পর্যায়ে এবং উহার প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতির বিধান কার্যকরকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালনীয় হইবে, যথা:-

শর্তাবলীঃ

- (ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;
- (খ) সংশ্লিষ্ট এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হইতে উৎপাদক হিসেবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (গ) এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মেশিনারীজ হইবে, যেমন- Plastic Injection Molding Machine, Power Press Machine, Hydraulic Press Machine, Ultrasonic welding Machine, Shearing Machine, Milling Machine, Vertical Expander Machine, Tube Bending Machine, Air Compressor ETP, Power coating Plant, Vertical Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Straightening & Cutting Machine, Lathe Machine, Heat Treatment Furnace, Heat Treatment Oven, Psychometric Treatment Machine:
তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Treatment Furnace, Heat Treatment Oven, Psychometric Treatment Machine নিজস্ব প্রাঙ্গণে সংস্থাপিত না থাকিলে উহাদের দ্বারা সম্পাদিত কার্যক্রম বা সেবা অন্য কোন প্লান্ট বা প্রতিষ্ঠান হইতে সংগ্রহ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;
- (ঘ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কমপক্ষে ৩০% মূল্য সংযোজন করিতে হইবে;

- (ঙ) দফা (ক) হইতে (ঘ) এ উল্লিখিত শর্তাদি পরিপালনপূর্বক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অব্যাহতির বিধান কার্যকরকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে;
- (চ) উক্ত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে; এবং

কমিটি গঠনঃ

- (১) দ্বিতীয় সচিব (মুসক), জাতীয় রাজস্ব বোর্ড;
- (২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (৩) সংশ্লিষ্ট মুসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা।
- (ছ) দফা (চ) তে বর্ণিত কমিটি অনধিক ১০ (দশ) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে, অতঃপর বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবে। অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।

৩। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৬৪, ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৪। উল্লিখিত অনুচ্ছেদ-২ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৩ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না। সেই ক্ষেত্রে কমিশনার উক্ত আইনের ধারা ৭৬ এর ক্ষমতাবলে প্রদত্ত কর সুবিধা রদ করিবেন।

৫। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা আগামী ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান